

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৪৪

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ বিপদের মাধ্যমে পরীক্ষা করা হলে সে সময় যে ব্যক্তি বিরাগভাজন হওয়ার দিকে গমন করে, তাকে রাসূল
সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক অভিসম্পাত করণ

ذِكْرُ لَعْنِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْخَارِجَ إِلَى التَّسَخُّطِ عِنْدَ مُصِيبَةٍ يُمْتَحَنُّ بِهَا

আরবী

3144 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: أَخْبَرَنَا خَالِدٌ عَنْ دَاوُدَ بْنِ أَبِي هِنْدَ عَنْ أَبِي حَرْبِ بْنِ أَبِي الْأَسْوَدِ عَنْ عَبْدِ الْأَعْلَى النخعي: أن أبا موسى الأشعري قال: با أُمَّ عَبْدِ اللَّهِ أَلَا أُخْبِرُكِ بِمَا لَعَنَ رَسول الله صلى الله عليه وسلم؟ قالت: بَلَى قَالَ: لَعَنَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ حَلَقَ أَوْ خَرَقَ أَوْ سلق.

الراوي: أَبُو موسى الأشعري | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3144 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح النسائي)) (1761).

বাংলা

৩১৪৪. আব্দুল আ'লা আন নাখন্স থেকে বর্ণিত, তিনি বলেন, "আবূ মুসা আল আশআরী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "হে উন্মু আব্দুল্লাহ, আমি কি তোমাকে বলবো না যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি অভিসম্পাত করেছেন?" জবাবে তিনি বলেন, "হাাঁ। অবশ্যই।" আবূ মুসা আল আশআরী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অভিসম্পাত করেছেন ঐ ব্যক্তির উপর, যে মাথা মুন্ডন করে অথবা কাপড় ছিঁড়ে ফেলে অথবা উচ্চ আওয়াজে বিলাপ করে।"[1]

ফটনোট



[1] আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আন নাসাঈ: ১৭৬১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন